


## আফ্রিকায় জিমেইলের এসএমএস সংস্করণ চালু

ইমেইল সার্ভিস হিসেবে গুগল'র জিমেইল সার্ভিস বেশ জনপ্রিয়। ইয়াহু মেইল বা হটমেইলের চাইতেও জিমেইল সাম্প্রতিক সময়ে জনপ্রিয়তায় বেশ এগিয়ে রয়েছে। এই জিমেইলে রয়েছে সরাসরি ইন্সট্যান্ট চ্যাটিং এবং ভয়েস কলের সুবিধাও। তবে এসব সুবিধা খুব সীমিত সংখ্যক দেশেই সীমাবদ্ধ। গুগল'র বেশ কিছু সেবাতে রয়েছে এসএমএস সার্ভিস ব্যবহারের সুবিধা। তবে এবারে এসএমএস-এর মাধ্যমেই জিমেইল ব্যবহারের সুবিধা চালু হলো আফ্রিকার কয়েকটি দেশের জন্য। সময়ের জনপ্রিয় পণ্য



স্মার্টফোনের মাধ্যমে যেসব কাজ সচরাচর করা হয়ে থাকে, তার মধ্যে ইমেইল ব্যবহার অন্যতম। তবে আফ্রিকায় এবার ইন্টারনেট সংযোগবিহীন সাধারণ ফিচার ফোনেও ব্যবহার করা যাবে এই জিমেইল। প্রাথমিকভাবে যানা, নাইজেরিয়া এবং কেনিয়াতে চালু করা হয়েছে এই সেবা। আফ্রিকার বিভিন্ন দেশে শিক্ষা নিয়ে কয়েকটি প্রকল্প চালুর পাশাপাশি এবার তারা এই এসএমএস-ইমেইল সার্ভিস চালু করল ওই অঞ্চলের জন্য। আফ্রিকার বিভিন্ন দেশে তথ্যপ্রযুক্তির প্রসার এবং তথ্যপ্রযুক্তি সংশ্লিষ্ট শিক্ষায় অন্যতম প্রধান বাঁধা হচ্ছে প্রয়োজনীয় ডিভাইসের অভাব। স্বল্প আয়ের এসব দেশগুলোতে কম্পিউটারের ব্যবহার অত্যন্ত কম। তাছাড়া এসব দেশে ইন্টারনেটের ব্যবহারও অত্যন্ত ব্যয়বহুল। যার ফলে সাধারণ মানুষদের কাছে কম্পিউটার বা ইন্টারনেটের ব্যবহার

মোটোও সহজলভ্য নয়। আধুনা ল্যাপটপ, নোটবুক, ট্যাবলেট পিসি বা স্মার্টফোনের মতো ডিভাইস প্রযুক্তি বিশ্বে হাজির হলেও এসব ডিভাইসের সুবিধা নিতেও তারা প্রস্তুত নয়। তবে এসব দেশেও বিশ্বের অন্যান্য দেশের তো রয়েছে মোবাইল ফোনের ব্যবহার। মোবাইল ফোনের মধ্যে সাধারণ মোবাইল ফোনের ব্যবহারই বেশি। তাই এসব সাধারণ মোবাইল ব্যবহার করে কীভাবে আধুনিক প্রযুক্তি সেবা প্রদান করা যায়, সেটা নিয়ে গবেষণা করতে করতেই গুগল এসএমএস সার্ভিসের মাধ্যমে এসব দেশে জিমেইল ব্যবহারের সুযোগ উন্মুক্ত করে দিয়েছে। এই সেবাতে সাধারণভাবে এসএমএস পাঠানোর মতো করেই যেকোনো ইমেইল পাঠানো যাবে এবং ওই সংশ্লিষ্ট জিমেইল অ্যাকাউন্টে সব ইমেইলও চলে আসবে এসএমএস-এর আকারেই। এ প্রসঙ্গে গুগল'র একজন পণ্য ব্যবস্থাপক জানিয়েছেন, 'জিমেইল এসএমএস সার্ভিসটি যেকোনো ফোনের জন্যই কাজ করবে। এমনকি যে ফোনে কেবল কথা বলা যায় আর এসএমএস করা যায়, সেটিতেও কাজ করবে এই সেবা।' নতুন মেইল গ্রহণের জন্য কোনো চার্জ না থাকলেও ইমেইল পাঠানোর জন্য এসএমএস-এর খরচ লাগবে বলে জানান তিনি।